



তথ্যবিবরণী

নম্বর-২৫৫

আম পরিবহন, বাজারজাতকরণ ও সংগ্রহ বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত

রাজশাহী; ২৯ বৈশাখ (১২ মে) :

আজ রবিবার (১২ মে) দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে রাজশাহী জেলার সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে আম পরিবহন, বাজারজাতকরণ ও সংগ্রহ বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শামীম আহমেদ।

জেলা প্রশাসক বলেন, আম সংগ্রহ থেকে ভোক্তাদের নিকট পৌঁছানো পর্যন্ত পুরো প্রক্রিয়ায় অসাধু কোনো ব্যক্তি যেন সংযুক্ত হতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। খরচ কমিয়ে ভোক্তাদের ক্রয় ক্ষমতার মধ্যে রাখতে সংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে আলোচনা করে যতটা সম্ভব খরচ কমানোর চেষ্টা করব। আম পরিপক্ব হওয়ার আগেই যেন অসাধু ব্যবসায়ীরা বাজারজাত করতে না পারে সে বিষয়ে প্রশাসন সজাগ থাকবে।

শামীম আহমেদ বলেন, আম পাকার সম্ভাব্য তারিখ নির্ধারণ করা হয়েছে, যদি এই তারিখের আগে কোনো চাষির আম পেকে যায় তাহলে প্রশাসনের সহযোগিতায় তা বাজারজাত করতে হবে। অন্যথায় প্রশাসন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে।

তিনি জানান, আমপাকার সম্ভাব্য তারিখগুলো হলো গুটি আম ১৫ মে, গোপাল ভোগ, লক্ষণ ভোগ ও রানী পছন্দ ২৫ মে, ক্ষীরসাপাত ৩০ মে, ল্যাংড়া আম ১০ জুন, আশ্রপালি ও ফজলি ১৫ জুন, বারি ফোর ৫ জুলাই, আশ্বিনা ১০ জুলাই, গৌড়মতি ১৫ জুলাই, ইলামতি ২০ আগস্ট। তাছাড়া কাটিমন আম সারা বছর সংগ্রহ করা যাবে।

অনুষ্ঠানে বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, আম ব্যবসায়ী এবং আমচাষিসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/হালিম/২০২৪/১৫:০০ ঘ.